তারিখ 09 NOV 2016
পৃষ্ঠা ১২ কলাম ৬

দৈনিক
আমাদের সময়

বেসরকারি বিদ্যালয়ে ভর্তি নীতিমালা জারি

# ভর্তিতে বেশি টাকা নিলে এমপিও বাতিল

নিজস্ব প্রতিবেদক ●

বেসরকারি বিদ্যালয়, স্কুল ও কলেজে মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক স্তরে শিক্ষার্থী ভর্তির নীতিমালা জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। এতে ভর্তির ফরম ও ভর্তির ফি নির্ধারণ করে দেওয়া হয়েছে। সেইসঙ্গে কেউ বেশি টাকা আদায় করলে এমপিও বাতিলসহ আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলেও উল্লেখ করা হয়েছে। গতকাল মঙ্গলবার শিক্ষা এরপর পৃষ্ঠা ৭, কলাম ৫

## ভর্তিতে বেশি টাকা

(শেষ পৃষ্ঠার পর) মন্ত্রণালয়ের ওয়েবসাইটে এই নীতিমালা প্রকাশ করা হয়।

নীতিমালায় বলা হয়েছে, ঢাকা মহানগরসহ এমপিওভুক্ত, আংশিক এমপিওভুক্ত এবং এমপিওবহির্ভূত সব শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির আবেদন ফরমের জন্য সর্বোচ্চ ২০০ টাকা নেওয়া যাবে। সেশন চার্জসহ মফস্বল এলাকার শিক্ষা প্রতিষ্ঠানে সর্বোচ্চ ভর্তি ফি ৫০০ টাকা, পৌর (উপজেলা) এলাকায় ১ হাজার টাকা, পৌর (জেলা সদর) এলাকায় ২ হাজার টাকা এবং ঢাকা ছাড়া অন্যান্য মহানগর এলাকায় ৩ হাজার টাকার বেশি নেওয়া যাবে না।

আর ঢাকা মহানগরের এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলোয় ভর্তি ফি ৫ হাজার টাকার বেশি নেওয়া যাবে না। এ ছাড়া ঢাকার আংশিক এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন ও এমপিওবহির্ভূত শিক্ষকদের বেতন-ভাতা দেওয়ার জন্য ভর্তির সময় মাসিক বেতন, সেশন চার্জ ও উন্নয়ন ফিসহ বাংলা মাধ্যমে সর্বোচ্চ ৮ হাজার টাকা এবং ইংরেজি ভার্সনে সর্বোচ্চ ১০ হাজার টাকা নেওয়া যাবে। একই প্রতিষ্ঠানে বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে এক শ্রেণি থেকে পরবর্তী ক্লাসে ভর্তিতে সেশন চার্জ নেওয়া গেলেও পুনঃ ভর্তির ফি নেওয়া যাবে না। নীতিমালার প্রায় সব নিয়মকানুন গতবারের মতোই। সরকারি বিদ্যালয়গুলোর মতো ঢাকা মহানগরের বেসরকারি বিদ্যালয়গুলোর শিক্ষার্থী ভর্তিতে ৪০ শতাংশ আসন বিদ্যালয়সংলগ্ন এলাকার শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। বাকি ৬০ শতাংশ আসন সবার জন্য উন্মুক্ত। তবে আগের মতো কোটাও থাকছে।